তারিখ ... 30 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ...

সমকাল

কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশন

# বৃত্তি পরীক্ষার ফল ঘোষণা

রাজধানীর টিকাটুলীর ইউনাইটেড স্কলার ইন্টারন্যাশনাল স্কুল প্রাঙ্গণে গত সোমবার ঘোষিত হলো কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশন বৃত্তি পরীক্ষার ফল। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সংগঠনের চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রক আনোয়ার হোসেনের সভাপতিত্বে বক্তব্য রাখেন সংগঠনের মহাসচিব ইস্কান্দার আলী হাওলাদার ও উপ-পরীক্ষা নিয়ন্ত্রক শিক্ষা সচিব প্রফেসর বদরুল ইসলাম। এ সময় পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, গত ডিসেম্বরে অনুষ্ঠিত বৃত্তি পরীক্ষায় সারাদেশ থেকে প্রায় ৬৪ হাজার ছাত্রছাত্রী অংশ নেয়। তাদের মধ্যে দুই হাজার ১৫৭ জন বৃত্তি পেয়েছে।

**সম্মিলিত মেধাতালিকা :** নার্সারি শ্রেণীর প্রথম স্থান চাঁপাইনবাবগঞ্জের এম এম হক আইডিয়াল স্কুলের আফিয়া আবিদা উমা বৃষ্টি, দ্বিতীয় স্থান চুয়াডাঙ্গার কাজল বিদ্যানিকেতনের আফসানা আক্তার মীম, তৃতীয় নাটোরের গোপালপুরের পদ্মা কিন্ডারগার্টেনের সোবানা ইসলাম; প্রথম শ্রেণী থেকে প্রথম স্থান খুলনার অঙ্কুর বিদ্যাপীঠের তাসমিতা তানভীর ইসমিতা, দ্বিতীয় ঢাকার সাভারের স্কলার ফাউন্ডেশন প্রি-ক্যাডেট অ্যান্ড হাই স্কুলের আকাশ হক, তৃতীয় রাজশাহীর গোদাগাড়ীর শিমুলতলীর আইডিয়াল কেজি স্কুলের শামীমা আক্তার রাখী; দ্বিতীয় শ্রেণীর প্রথম স্থান খুলনার অঙ্কুর বিদ্যাপীঠের শিহাব রায়হান শাকিল, দ্বিতীয় ঢাকা মেট্রোপলিটন স্কুলের স্নেহা আফরিন সামিহা, তৃতীয় সাভারের ব্রাইট ফিউচার মডেল স্কুলের সানজিদা; তৃতীয় শ্রেণীর প্রথম স্থান ময়মনসিংহের গৌরীপুরের দি চাইল্ড ব্লোজম কিন্ডারগার্টেনের মুশফিকুর রহমান নিবিড়, দ্বিতীয় রাজশাহীর মচমাইলের ব্রেইনকেয়ার প্রি-ক্যাডেট একাডেমির গৌতম কুমার, তৃতীয় রাজশাহীর এ বি সি স্কুলের ফজলে রাব্বী চৌধুরী এবং রাজশাহীর গোদাগাড়ীর শিশুনিকেতনের মোমেনা জাহান মেঘলা; চতুর্থ শ্রেণীর প্রথম স্থান রাজশাহীর মোহনপুরের গ্রিনলাইন কিন্ডারগার্টেনের আবদুল্লাহ আল নোমান, দ্বিতীয় কুমিল্লার কে এস ইন্টারন্যাশনাল স্কুলের সুফিয়া মনি রিতু, তৃতীয় খুলনার সেনহাটি আইডিয়াল স্কুলের মোনালিসা মুনিয়া ও নাটোরের গোপালপুরের কলকাকলি কিন্ডারগার্টেনের সুস্মিতা সরকার; পঞ্চম শ্রেণীর প্রথম স্থান গাজীপুরের শহীদ বৃত্তি ক্যাডেট একাডেমির সাদমান এরফান, দ্বিতীয় কুমিল্লার বাগমারা চাইল্ড একাডেমির নাসরীন আক্তার, তৃতীয় নাটোরের গোপালপুরের পদ্মা কিন্ডারগার্টেনের খায়রুজ্জামান টুটুল; ষষ্ঠ শ্রেণীর প্রথম স্থান ঢাকা দক্ষিণ হাজারীবাগ কেসি কিন্ডারগার্টেন অ্যান্ড হাই স্কুলের শাহানাজ আক্তার, দ্বিতীয় ঢাকা উত্তরের লিটল ফ্লাওয়ার ইন্টারন্যাশনাল স্কুলের যুথিমনি, তৃতীয় ঢাকা দক্ষিণের বর্ণ বিদ্যালয়ের সায়মা আক্তার; সপ্তম শ্রেণীর প্রথম স্থান সাভারের সানফ্লাওয়ার মডেল স্কুলের লামিয়া আক্তার, দ্বিতীয় ঢাকা উত্তরের ঢাকা মেট্রোপলিটন স্কুলের সানজিদা ইসলাম দীপ্তি, তৃতীয় ঢাকা দক্ষিণের সিয়াম স্কুলের তৌসিবা হোসেন মুসকান; অষ্টম শ্রেণীর প্রথম কুষ্টিয়ার সান-আপ ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজের ফাহিম ইসলাম, দ্বিতীয় সাভারের মেরিন স্কুলের ফয়সাল আহমেদ, তৃতীয় চট্টগ্রাম ট্যালেন্ট পাবলিক স্কুলের ফারজানা আক্তার রুমা। সংবাদ বিজ্ঞপ্তি।